

# আনুমানিক কাজের সময়সূচি পাওয়ার অধিকার আপনার আছে


NYC -র Fair Workweek Law (ন্যায়্য কর্ম-সপ্তাহের আইন) এর অধীনে, ফাস্ট ফুড নিয়োগকর্তাদেরকে অবশ্যই তাদের কর্মীদেরকে আনুমানিক কাজের সময়সূচি প্রদান করতে হবে। নিয়োগকর্তাদেরকে অবশ্যই প্রতিটি NYC কর্মস্থলে এমন জায়গায় বিজ্ঞপ্তি টাঙাতে হবে যাতে সমস্ত কর্মী তা সহজেই দেখতে পান।

## ফাস্ট ফুড কর্মীরা আইনের অধীনস্থ

কর্মী যারা NYC এর কোন ফাস্ট ফুড সংস্থায় নিম্নলিখিত কাজের কোন একটি করেন:

- গ্রাহক সেবা
- রাশ্রাবান্না
- খাদ্য ও পানীয় প্রস্তুতি
- অফ-সাইট ডেলিভারি
- নিরাপত্তা
- সরবরাহ বা সরঞ্জাম স্টক করা
- সফাই করা
- নিয়মিত রক্ষণাবেক্ষণের কাজ

আইনটি অভিবাসন স্থিতি নির্বিশেষে প্রযোজ্য।



নিয়োগকর্তারা কর্মীদের বিরুদ্ধে তাদের আইনি অধিকার খর্ব করার জন্য শাস্তি, জরিমানা করতে পারবেন না, প্রতিশোধ নিতে পারবেন না অথবা কোন পদক্ষেপ নিতে পারবেন না। কর্মীদের প্রতি প্রতিশোধমূলক আচরণ করা হলে তাদেরকে অবিলম্বে OLPS এর সঙ্গে যোগাযোগ করতে হবে। নিচে দেখুন।

## আপনার অধিকারসমূহ



### আনুমানিক সময়সূচি এবং প্রথম কাজের সময়সূচি

আপনার কাজের প্রথম দিনে বা তার আগে, আপনার নিয়োগকর্তাকে অবশ্যই আপনাকে এগুলো দিতে হবে:

- সময়, তারিখ, কাজের শুরু ও শেষের সময় এবং শিফটের স্থান সহ প্রথম 2 সপ্তাহের কাজের লিখিত সময়সূচি।
- লিখিত “যুক্তিসঙ্গত আনুমান” (আপনার কাজের সময় আপনার কাজের আনুমানিক দিন, সময়, ঘন্টা, স্থান)। যদি আনুমানিক দিন, সময়, ঘন্টা, স্থানের পরিবর্তন হয় তাহলে আপনার নিয়োগকর্তাকে অবশ্যই আপনাকে সেইসবের সংশোধিত তথ্য প্রদান করতে হবে।



### কাজের সময়সূচির 2 সপ্তাহের অগ্রিম বিজ্ঞপ্তি

আপনার প্রথম শিফটের অন্তত 14 দিন আগে আপনার নিয়োগকর্তাকে অবশ্যই আপনাকে লিখিত কাজের সময়সূচি প্রদান করতে হবে। সময়সূচিতে অবশ্যই অন্তত 7 দিনের তারিখ, শিফট শুরুর ও শেষের সময় এবং সমস্ত শিফটের স্থান অন্তর্ভুক্ত থাকা আবশ্যিক। যদি সময়সূচির পরিবর্তন হয়, তাহলে আপনার নিয়োগকর্তাকে অবশ্যই 24 ঘন্টার মধ্যে অথবা যত শীঘ্রই সম্ভব ক্ষতিগ্রস্ত কর্মীদের সঙ্গে যোগাযোগ করতে হবে।



### ওপেন শিফট কাজ করার অগ্রাধিকার

নতুন শিফট উপলভ্যের সময় নতুন কর্মী নিয়োগ করার আগে, আপনার নিয়োগকর্তাকে অবশ্যই এগুলো করতে হবে:

- আপনার কর্মস্থলে তথ্য টাঙিয়ে এবং আপনাকে বিদ্যুতিক মাধ্যমে সরাসরি তথ্য প্রদান করে NYC-তে প্রথমে বিদ্যমান কর্মীদেরকে শিফটের বিজ্ঞাপন দেওয়া, যার মধ্যে টেক্সট বা ইমেল অন্তর্ভুক্ত থাকতে পারে।
- যে কর্মস্থলে শিফট উপলভ্য সেখানে কর্মীদের কাছে ওপেন শিফট কাজ করার বিষয়ে অগ্রাধিকার দেওয়া।
- কেবলমাত্র যখন কর্মস্থলে কম বা পর্যাপ্ত কর্মী থাকে না তখন অন্য কর্মস্থল থেকে আগ্রহী কর্মীদের শিফট প্রদান করা।

যদি নির্ধারিত সময়ের মধ্যে বর্তমান কোন NYC কর্মী শিফট গ্রহণ না করেন তাহলে আপনার নিয়োগকর্তা কেবল নতুন কর্মীদের নিয়োগ করতে পারেন।



### “Clopensing” শিফটের জন্য \$100 ও সম্মতি

যখন প্রথম শিফট দিনে শেষ হয় এবং দুটি শিফটের মধ্যে 11 ঘন্টার কম সময় (একটি “clopensing”) অবশিষ্ট থাকে তখন আপনার লিখিত অনুমতি এবং আপনাকে \$100 প্রিমিয়াম রেট না দিয়ে আপনার নিয়োগকর্তা আপনাকে 2 দিনের বেশি 2টি শিফট কাজ করতে পারবেন না।



### শেষ সময়ের সময়সূচি পরিবর্তনের জন্য সম্মতি এবং প্রিমিয়াম পে

আপনার নিয়োগকর্তা আপনার লিখিত অনুমতি ছাড়া এবং আপনাকে নিম্নলিখিত প্রিমিয়াম না প্রদান করে যেদিন থেকে সময়সূচি কার্যকরী তার 14 দিনের আগে আপনার সময়সূচি পরিবর্তন করতে পারবে না:

বিজ্ঞপ্তির পরিমাণ	অতিরিক্ত কার্য সময় ও শিফট	শিফট পরিবর্তন, মোট কার্য সময়ের নয়	হ্রাস করা কার্য সময় ও শিফট
14 দিনের কম সময়ের বিজ্ঞপ্তি	প্রতি পরিবর্তনে \$10	প্রতি পরিবর্তনে \$10	প্রতি পরিবর্তনে \$20
7 দিনের কম সময়ের বিজ্ঞপ্তি	প্রতি পরিবর্তনে \$15	প্রতি পরিবর্তনে \$15	প্রতি পরিবর্তনে \$45
24 ঘন্টার কম সময়ের বিজ্ঞপ্তি	প্রতি পরিবর্তনে \$15	প্রতি পরিবর্তনে \$15	প্রতি পরিবর্তনে \$75

### প্রিমিয়াম পে এইসব ক্ষেত্রে প্রয়োজন নেই যখন:

- আপনার নিয়োগকর্তা এই কারণে বন্ধ করলে: কর্মী নিরাপত্তা বা নিয়োগকর্তার সম্পত্তির ক্ষেত্রে হুমকি; সরকারি উপযোগিতা ব্যর্থতা; জন পরিবহন বন্ধ; আগুন লাগা, বন্যা বা অন্যান্য প্রাকৃতিক বিপর্যয়; সরকার ঘোষিত জরুরি অবস্থা।
- আপনি নির্দিষ্ট শিফট কোনো সময়সূচি পরিবর্তনের অনুরোধ করেন।
- অপর কর্মচারীর সঙ্গে শিফট অদল-বদল করেন।
- পরিবর্তিত শিফটের জন্য আপনার নিয়োগকর্তাকে অবশ্যই ওভারটাইমের অর্থ প্রদান করতে হবে।

## অভিযোগ জানানো

গ্রাহক বিষয়ক বিভাগ (DCA) শ্রম নীতি ও মানক অফিস (OLPS) Fair Workweek Law এবং অন্যান্য NYC শ্রম আইন বলবৎ করে।

OLPS এর মাধ্যমে অভিযোগ করার জন্য [nyc.gov/dca](http://nyc.gov/dca) দেখুন অথবা 311 (NYC এর বাইরে 212-NEW-YORK) নম্বরে ফোন করে “Fair Workweek Law” এর জন্য বলুন। OLPS একটি তদন্তের ব্যবস্থা করবে এবং আপনার অভিযোগের সমাধান করতে চেষ্টা করবে। **তদন্ত সম্পূর্ণ করার জন্য বা আইন অনুসারে প্রয়োজনীয় না হওয়া পর্যন্ত OLPS আপনার পরিচয় গোপন রাখবে।**

আপনি আদালতে একটি ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন দাখিল করতে পারেন। তবে, আপনি OLPS এর মাধ্যমে অভিযোগ এবং আদালতে দাবি একই সঙ্গে করতে পারবেন না।

## OLPS এর সঙ্গে যোগাযোগ করুন

[nyc.gov/dca](http://nyc.gov/dca) দেখুন, [FWW@dca.nyc.gov](mailto:FWW@dca.nyc.gov) এ ইমেল করুন অথবা 311 নম্বরে ফোন করে “Fair Workweek Law” এর জন্য বলুন।



\*আপনার নিয়োগকর্তাকে অবশ্যই এই বিজ্ঞপ্তি সেই ভাষায় টাঙাতে হবে যে ভাষাটি আপনার কর্মস্থলের অন্তত 5 শতাংশ কর্মীর প্রাথমিক ভাষা, যদি তা DCA ওয়েবসাইটে উপলব্ধ থাকে।